জনশুমারিতে তথ্য দিন
উন্নয়নে অংশ নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা
আগারগাঁও, ঢাকা
www.sid.gov.bd

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীন "স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন অ্যান্ড ডেভলপমেন্ট" (Stat4Dev.) প্রকল্প কর্তৃক খুলনা ও কক্সবাজার জেলার Disaster Prone Area Atlas চূড়ান্তকরণের লক্ষ্যে প্রতিবেদন যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২৪ আগস্ট ২০২১ খ্রি., মঙ্গলবার |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ<br>ব্লক-বি, লেভেল-১০, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা |
| সভাপতি | : | শেখ মোঃ কাবেদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা | : | পতাকা- 'ক'। |

সভাপতি প্রতিবেদন যাচাই-বাছাই কমিটির সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর "স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন অ্যান্ড ডেভলপমেন্ট" (Stat4Dev.) প্রকল্প কর্তৃক প্রস্তুত খুলনা ও কক্সবাজার জেলার Disaster Prone Area Atlas উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

২। তাঁর অনুমতিক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন "স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন অ্যান্ড ডেভলপমেন্ট" (Stat4Dev.) প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আক্তার হোসেন সভাকে অবহিত করেন যে, খুলনা ও কক্সবাজার জেলার প্রস্তুত Disaster Prone Area Atlas বিবিএসের আওতাধীন সংশ্লিষ্ট কারিগরি কমিটি কর্তৃক যাচাই-বাছাই করা হয়েছে। কমিটির সুপারিশানুযায়ী সংশোধিত দুটি জেলার জন্য আলাদাভাবে প্রস্তুত Disaster Prone Area Atlas এবং চূড়ান্ত অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণ করা হয়েছে। অতঃপর তিনি পর্যায়ক্রমে খুলনা ও কক্সবাজার জেলার Atlas উপস্থাপন করেন। এপর্যায়ে সভাপতি খুলনা ও কক্সবাজার জেলার Atlas দুটির বিষয়ে প্রতিবেদন যাচাই-বাছাই কমিটির সম্মানিত সদস্যগণকে মতামত প্রদানের আহ্বান জানান। কমিটির সদস্য-সচিব জনাব কালাচাঁদ সরকার বলেন, প্রকাশনা দুটির বিভিন্ন অংশ ভাগ করে যাচাই-বাছাইপূর্বক মতামতসহ সভায় উপস্থিত থাকার জন্য কমিটির সম্মানিত সদস্যগণের নিকট যথাসময়ে বিতরণ করা হয়েছিল।

৩। এপর্যায়ে কমিটির সদস্যগণ উপস্থাপিত Atlas দুটির সংশ্লিষ্ট অংশ যাচাই-বাছাই করে যেসব ত্রুটি-অসঙ্গতি চিহ্নিত করেছেন সেগুলো পর্যায়ক্রমে সভাকে অবহিত করেন।

৪। সভাপতি বলেন, কমিটির সদস্যগণ Disaster Prone Area Atlas দুটিতে যেসব ত্রুটি-অসঙ্গতি চিহ্নিত করে সংশোধনের সুপারিশ করেছেন তা পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে সংশোধন করতে হবে। প্রতিবেদন দুটির প্রচ্ছদ (কভার পেইজ) উন্নতমানের কাগজে দৃষ্টিনন্দন করে প্রস্তুত করা, প্রতিটি জেলার জন্য পৃথক Acronyms প্রস্তুত, সূচিপত্র-সারণিসূচি প্রস্তুত করে শিরোনাম ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করা প্রয়োজন। তিনি, ইংরেজি টেক্সটসমূহের বানান ব্রিটিশ/আমেরিকান যে কোনো একটি পদ্ধতি ব্যবহার, জেলা/উপজেলার নামের বানানের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ/জিও কোড-এ লিখিত বানান অনুসরণ, টেক্সট এবং টেবিলে উল্লিখিত তথ্য/উপাত্তের ডাটা সামঞ্জস্যপূর্ণ করা, লেখার ফন্ট ও সাইজ এক করা, ম্যাপসমূহে Disaster-এর ধরন অনুযায়ী ম্যাপের রং নিশ্চিত করার প্রতি গুরুত্ব আরোপ করেন। তাছাড়া প্রতিবেদন দুটিতে টেক্সট এবং ম্যাপের পৃষ্ঠা নম্বর প্রদানসহ ভবিষ্যতে এ সংক্রান্ত প্রতিবেদনের আংশিক প্রতিবেদনের পরিবর্তে পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রস্তুতপূর্বক এ বিভাগে প্রেরণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।

৫। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) প্রতিবেদন দুটির প্রচ্ছদ (কভার পেইজ) উন্নতমানের কাগজে দৃষ্টিনন্দন করে প্রস্তুত করতে হবে;
(খ) প্রত্যেক জেলার জন্য আলাদা সূচিপত্র-সারণিসূচি এবং Acronyms থাকতে হবে। সেঅনুযায়ী পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে;
(গ) ইংরেজি টেক্সটসমূহের বানান ব্রিটিশ/আমেরিকান যে কোনো একটি পদ্ধতিতে করতে হবে;
(ঘ) জেলা/উপজেলার নামের বানানের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ/জিও কোড-এ লিখিত বানান অনুসরণ করতে হবে;
(ঙ) টেক্সট এবং টেবিলে উল্লিখিত তথ্য/উপাত্তের ডাটা সামঞ্জস্যপূর্ণ করতে হবে;
(চ) মূল লেখার শিরোনাম/উপশিরোনাম ব্যতীত লেখার ফন্ট ও সাইজ একই হতে হবে;
(ছ) প্রতিবেদন দুটির ম্যাপসমূহে Disaster-এর ধরন অনুযায়ী ম্যাপের রং নিশ্চিত করতে হবে;

(জ) Atlas দুটির টেক্সট এবং ম্যাপের পৃষ্ঠা নম্বর প্রদানসহ উল্লিখিত ক্রমিক নম্বর ঠিক করতে হবে;

(ঝ) ভবিষ্যতে এ-সংক্রান্ত প্রতিবেদন অনুমোদনের লক্ষ্যে এবিভাগে প্রেরণের ক্ষেত্রে আংশিক প্রতিবেদনের পরিবর্তে মুদ্রণীয়/প্রকাশিতব্য পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করতে হবে;

(ঞ) যাচাই-বাছাই কমিটির সদস্যগণ কর্তৃক খুলনা ও কক্সবাজার জেলার প্রস্তুত Disaster Prone Area Atlas -এ যেসকল ত্রুটি/অসঙ্গতি চিহ্নিত করা হয়েছে সেগুলো পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে সংশোধন করতে হবে;

(ট) সংশোধিত প্রকাশনা প্রকাশের পূর্বে চূড়ান্ত অনুমোদনের জন্য এবিভাগে পুনঃ প্রেরণ করতে হবে।

৬। সকল ত্রুটি/অসংগতি সংশোধনসাপেক্ষে খুলনা ও কক্সবাজার জেলার Disaster Prone Area Atlas শীর্ষক প্রকাশনা অনুমোদনের সুপারিশ করা হলো।

৭। সভায় আর কোনো বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

স্বাক্ষরিত

২৬/০৮/২০২১ তারিখ

(শেখ মোঃ কাবেদুল ইসলাম)
অতিরিক্ত সচিব
পরিচিতি নং ৪৫৪১ (প্রশাসন)
ও
সভাপতি, প্রতিবেদন যাচাই-বাছাই কমিটি

নং-৫২.০০.০০০০.০১৯.১৬.০৩৯.১৯-১২৯ তারিখ : ২৬-০৮-২০২১ খ্রি:

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
৪. যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫. উপসচিব (এসডিজি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬. উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৭. উপসচিব (বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৮. উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, "স্ট্রেংদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভলমেন্ট" (Stat4Dev.) প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
১০. প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১১. সহকারী সচিব (আইন শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩. অফিস কপি/গার্ড ফাইল।

২৬/০৮/২১

(কালাচাঁদ সরকার)
সিনিয়র সহকারী সচিব
☎ ৫৫০০৭৩৮৪

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর "স্ট্রেংদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কানেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভলমেন্ট" (Stat4Dev.) প্রকল্প কর্তৃক প্রস্তুতকৃত খুলনা ও কক্সবাজার জেলার 'Disaster Prone Area Atlas' চূড়ান্তকরণের লক্ষ্যে এ বিভাগের প্রতিবেদন যাচাই-বাছাই কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা-

তারিখ: ২৪-০৮-২০২১ এবং সময়: ১১.০০ খ্রি. রোজ-মঙ্গলবার

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | মুঃ মোজাম্মেল হক<br>অতিরিক্ত সচিব | SID | | |
| ০২। | মোহাম্মদ জিয়াউর রহমান ভৌমিক<br>যুগ্মসচিব | SID | 01720121226 | |
| ০৩। | মো: নজরুল ইসলাম<br>যুগ্ম সচিব | SID | 01715635110 | |
| ০৪। | রেজাউল করিম<br>সহকারী প্রোগ্রামার | [illegible] | 01716-049335 | |
| ০৫। | দিবাকর রায়<br>উপসচিব | SID | 01732363039<br>dr.roy.rd@gmail. | |
| ০৬। | নূর রহমান<br>উপসচিব | SID | 01731488347 | |
| ০৭। | মোসাঃ কামরুন্নাহার<br>উপসচিব | SID | 01715024832 | |
| ০৮। | মোহাম্মদ খালেদ-উর-রহমান<br>উপসচিব | SID | 01815677724 | |
| ০৯। | মো: আকতার হোসেন<br>প্রকল্প পরিচালক | Stat4Dev Project | 01710198193<br>aktherstat@yahoo.com | |
| ১০। | মো: মাকসুদ হোসেন<br>উপপ্রকল্প পরিচালক | Stat4Dev Projt | 01715970944<br>maksudbbs@gmail[illegible] | |
| ১১। | সৌমিত্র কুমার পাল<br>সহকারী সচিব | SID | 01553647299<br>showmitrapaul@yahoo.com | |
| ১২। | কালাচাঁদ সরকার<br>SAS | SID | 01916034517 | |
| ১৩। | Md. Wahid Murad<br>Programmer | SID | 01717124312<br>murad@sid.gov.bd | |
| ১৪। | মো: আবুবকর সিদ্দিক<br>কম্পিউটার অপারেটর | Stat4Dev | 01717441144<br>jv.mamun@yahoo.com | |